

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ ও মুন্সীগঞ্জের ৬ (ছয়) টি কারখানা ও ৩ (তিন) টি আবাসিক প্রকল্পকে মোট ১ কোটি ১৭ লক্ষ ১২ হাজার ৭২৫ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং। এছাড়াও ঢাকা, মানিকগঞ্জ ও গাজীপুরে মোবাইল কোর্টে ৪৯ লক্ষ টাকা জরিমানা আদায় ও প্রায় ২ টন পলিথিন জব্দ করেছে।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ০৭/০২/২০২২ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অন্তে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ ও মুন্সীগঞ্জের ২ (দুই) টি ডাইং, ২ (দুই) টি ওয়াশিংসহ মোট ৬ (ছয়) টি কারখানা ও ৩ (তিন) টি আবাসিক প্রকল্পকে মোট ১ কোটি ১৭ লক্ষ ১২ হাজার ৭২৫ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

এছাড়াও গাজীপুরের কালিয়াকৈর উপজেলায় পরিবেশ অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়ের সহযোগিতায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব সাঈদা পারভীন এর নেতৃত্বে ১৩ (তের) টি অবৈধ ইটভাটা থেকে ২৪ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা আদায় এবং ভাটাগুলোর কার্যক্রম বন্ধ করে দেয়া হয়; ঢাকার সাভারে পরিবেশ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়ের সহযোগিতায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব ফয়জুন্নেছা আক্তার এর নেতৃত্বে ১টি প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা আদায় ও প্রায় ২ (দুই) টন পলিথিন জব্দ করা হয়; মানিকগঞ্জে পরিবেশ অধিদপ্তর, মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহযোগিতায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব নওরিন হক এর নেতৃত্বে ৮ (আট) টি অবৈধ ইটভাটা থেকে ২৪ লক্ষ টাকা জরিমানা আদায় এবং ২ (দুই) টি ভাটা সম্পূর্ণরূপে ভেঙ্গে দেয়া হয়।

পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এ শুনানী গ্রহণ কার্যক্রম ও পরিবেশ দূষণ বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ০৭/০২/২০২২ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ রেজুওয়ান ইসলাম)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)